

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স -২২০(আগরতলা, ১৬।০৪)  
পানিসাগর, ১৬ এপ্রিল ২০১৮

### পানিসাগরে রক্তদান শিবির অনুষ্ঠিত

পানিসাগর স্পোর্টস ক্লাব-এর উদ্যোগে এবং বি এস এফ ১৬৬ ব্যাটেলিয়ানের সহযোগিতায় সম্প্রতি পানিসাগর ডি ডব্লু এস কার্যালয় প্রাঙ্গণে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে শিবিরের উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পানিসাগর আঞ্চলিক শারীর শিক্ষণ কলেজের অধ্যক্ষ ড: চিত্রজিৎ ভৌমিক, বিশেষ অতিথি হিসাবে বি এস এফ ১৬৬ ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট এস আর বহিরত্না, কবি ও সাহিত্যিক মিলন কান্তি দত্ত উপস্থিত ছিলেন। উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন স্থানীয় শিল্পীরা। উদ্বোধকের ভাষণে বিধায়ক বিনয় ভূষণ দাস পানিসাগর স্পোর্টস ক্লাব এবং বি এস এফ কর্তৃপক্ষকে এই ধরনের শিবির আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং যারা এই শিবিরে স্বতঃপ্রণোদিতভাবে রক্তদান করতে এসেছেন তাদেরকেও ধন্যবাদ জানান। তিনি বলেন, রক্তদান মানে জীবন দান। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে চিত্রজিৎ ভৌমিক বলেন, বর্তমান সময়ে এই ধরনের শিবিরের গুরুত্ব অপরিসীম, বিশেষ করে যুব সমাজকে এই কাজে আরও সচেতন হতে হবে এবং রক্তদানে এগিয়ে আসতে হবে। শিবিরে মোট ৩৩ জন রক্তদান করেন।

\*\*\*\*\*